

নং-সদেক/২০২২/প্রশাঃ/ ১৬৯

তারিখ: ০৪-০৭-২০২২ খ্রি.

## বিজ্ঞপ্তি


এতদ্বারা একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থাপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২২ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে 'শেখ রাসেল পদক ২০২২' প্রদান করার জন্য আগামী ০৯ জুলাই ২০২২ তারিখের মধ্যে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

### আবেদনের শর্তাবলী:

- ১। www.sheikhrussel.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- ২। আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' (খসড়া) অনুসরণ করতে হবে। উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

### পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ:

- ১) শিক্ষা (ব্যক্তি)
- ২) বিজ্ঞান ও প্রযুক্তি (ব্যক্তি)
- ৩) ক্রীড়া (ব্যক্তি)
- ৪) প্রতিভাবান বিশেষ চাহিদাসম্পন্ন শিশু-কিশোর (ব্যক্তি)
- ৫) শিল্পকলা ও সংস্কৃতি (ব্যক্তি)
- ৬) ক্ষুদে শ্রোগ্রামার (ব্যক্তি)
- ৭) ক্ষুদে উদ্ভাবক (ব্যক্তি)
- ৮) ক্ষুদে লেখক (ব্যক্তি)
- ৯) ডিজিটাল স্কুল (প্রতিষ্ঠান)
- ১০) ডিজিটাল এক্সিলেন্স (প্রতিষ্ঠান)

  
(প্রফেসর ড. মোঃ রেজাউল করিম)  
আইডি নং-২৫৩০  
অধ্যক্ষ  
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

### অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। বিভাগীয় প্রধান (সকল), সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০৩। হিসাবরক্ষক, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
- ০৪। সংরক্ষণ নথি।